

Favorite Things (প্রিয় জিনিস)

©Deepak Sarkar, Written: July 2000, Redwood Shores, CA, USA

সকালের রন্দুর, খোলা মাঠের হাওয়া,
বৃষ্টিতে ভেজা, বর্ষার মাঠে খেলা;
বইয়ের মেলা ও আনন্দমেলা -
ছুটিতে চিড়িয়াখানায় যাওয়া!

রবীন্দ্রসংগীত কিংবা গনসংগীত,
নজরুল, দিজেন্দ্র, সুকান্ত সংগীত,
জীবনমুখী ও পল্লী কথার গান -
ভরে তোলে আমার এই মন প্রাণ!
ঝর উঠলে, রাতে ভয় পেলে, মন খারাপ হলে,
আমার প্রিয় জিনিষগুলো মনে করলে
আর ভয় থাকে না, আনন্দ হয় ।

কষা আলুরদম, লুচি, কুমরোর ছক্কা!
খিরের পুলিপিঠে, পাটিসাপ্টা,
নারকেলের নাড়ু, খই, মুড়ির মোয়া,
ফুচকা, ছাট্, ঝালমুড়ি, কাবলি ছোলা -

ইলিশ মাছের ঝোল, রুই মাছের কালিয়া,
হিংয়ের কচুড়ি, ফুলকপির সিঙারা!
ভেটকি মাছের চপ্ আর কই মাছের ঝাল,
ডাসা পেয়ারা, পাকা আম, লিচু, জাম -

ঝর উঠলে, রাতে ভয় পেলে, মন খারাপ হলে,
আমার প্রিয় জিনিষগুলো মনে করলে
আর ভয় থাকে না, আনন্দ হয় ।